



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

প্রশিক্ষণ শাখা

নম্বর ৩৬.০২.০০০০.০০৬.০০.০১৭.২০.১৮৬

তারিখ: ২১ আশ্বিন ১৪২৮

০৬ অক্টোবর ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: বহিঃ বাংলাদেশ ছুটি ও অফিসিয়াল পাসপোর্টের অনাপত্তি পত্র (এনওসি) আবেদন করা এবং প্রয়োজনীয় কাগজপত্র সম্পর্কে অবহিতকরণ

বিসিকের সকল কর্মকর্তা ও কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিসিকের কর্মকর্তাগণের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা সম্পর্কিত ম্যানুয়াল নভেম্বর-২০২০ অনুযায়ী বহিঃবাংলাদেশ ছুটি ও অফিসিয়াল পাসপোর্টের অনাপত্তি পত্র (এনওসি) প্রদানের পূর্ণ ক্ষমতা চেয়ারম্যান, বিসিক, মহোদয়ের উপর ন্যস্ত বিধায় এতদ্বিষয়সমূহের আবেদন চেয়ারম্যান, বিসিক মহোদয় বরাবর করার জন্য এবং আবেদন পত্রের সাথে নিম্ন বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও কাগজপত্র সঠিকভাবে পূরণ ও সংযুক্ত করে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

বহিঃ বাংলাদেশ ভ্রমণের জন্য আবেদন পত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্যাদিঃ

- ১। চেয়ারম্যান, বিসিক, মহোদয় বরাবর আবেদনপত্র (যথাযথ কর্তৃপক্ষ মাধ্যমে);
- ২। ব্যক্তিগত কারণে সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থার বিদেশ ভ্রমণ সংক্রান্ত তথ্যাবলি (নির্ধারিত ফরমে);
- ৩। অর্জিত/মেডিক্যাল ছুটির আবেদন ফরম (নির্ধারিত ফরমে);
- ৪। বিগত এক বছরের বিদেশে ভ্রমণ/অবস্থানের বৃত্তান্ত (নির্ধারিত ফরমে);
- ৫। আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের কপি;
- ৬। আবেদনকারীর অবর্তমানে দায়িত্ব পালনকারীর নাম ও পদবী সম্বলিত অফিস প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
- ৭। টিন সার্টিফিকেট;
- ৮। হালনাগাদ ব্যাংক স্ট্যাটমেন্ট;
- ৯। কাউকে সফর সঞ্জী হিসেবে নিতে চাইলে আবেদনপত্রে তাঁর নাম, বয়স, আবেদনকারীর সাথে সম্পর্ক লিখতে হবে এবং এবং সংশ্লিষ্ট ব্যক্তির জাতীয় পরিচয় পত্রের অনুলিপি দিতে হবে;
- ১০। আবেদনকারী কর্তৃক প্রদত্ত অন্যান্য প্রয়োজনীয় ও প্রাসঙ্গিক কাগজপত্র যেমন চিকিৎসার ক্ষেত্রে বিদেশের ডাক্তারের এপয়েনমেন্ট, বাংলাদেশি ডাক্তারের রেফারেল, চিকিৎসা সংক্রান্ত বিভিন্ন রিপোর্ট ইত্যাদি;
- ১১। যোগাযোগের জন্য মোবাইল নম্বর ও ই-মেইল।

অফিসিয়াল পাসপোর্টের অনাপত্তি পত্র (এনওসি) এর জন্য আবেদন পত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্যাদিঃ

- ১। চেয়ারম্যান, বিসিক, মহোদয় বরাবর আবেদনপত্র (যথাযথ কর্তৃপক্ষ মাধ্যমে);
- ২। পূরণকৃত পাসপোর্টের অনাপত্তি পত্র (এনওসি) ফরম;
- ৩। আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের কপি;
- ৪। নতুন পাসপোর্টের ক্ষেত্রে পূরণকৃত আবেদনপত্র (সত্যায়িত ছবিসহ);
- ৫। পাসপোর্ট রি-ইস্যু বা নবায়নের ক্ষেত্রে পূরণকৃত রি-ইস্যু ফরম ও পুরাতন পাসপোর্টের সত্যায়িত কপি;
- ৬। যে বিভাগীয় বা আঞ্চলিক পাসপোর্ট অফিসে পাসপোর্ট করতে ইচ্ছুক সে অফিসের নাম অনাপত্তি পত্রে উল্লেখ করতে হবে;
- ৭। অনাপত্তি পত্রে আবেদনকারীর পরিবারবর্গের (নির্ভরশীল স্বামী/স্ত্রী এবং ১৫ বছরের নীচে অপ্রাপ্ত বয়স্ক সন্তান) নাম উল্লেখ করলে তার/তাদের জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের কপি;
- ৮। যোগাযোগের জন্য মোবাইল নম্বর ও ই-মেইল।



৬-১০-২০২১

মোঃ মফিজুল ইসলাম

সচিব

ফোন: ৯৫৫৩৪৯০

ইমেইল:

secretary@bscic.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সকল পরিচালক, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
- ২) অধ্যক্ষ, বিসিক প্রশিক্ষণ ইন্সটিটিউট, উত্তরা, ঢাকা(তঁার আওতাধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ৩) সকল আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)(তঁার আওতাধীন সকল কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ৪) সকল বিভাগ/শাখা প্রধান, বিসিক প্রধান কার্যালয়, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) (তঁার আওতাধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ৫) সহকারী মহা-ব্যবস্থাপক (আইসিটি সেল প্রধান), আইসিটি সেল, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) (বিসিক ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- ৬) সিনিয়র সিঃ ওঃ, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)